6

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 06 APR 1997
পৃঃ ৭ কলাম ৬

# প্রশ্নপত্র ফাঁসের ঘটনা ঃ সন্দেহভাজনদের তালিকা তৈরী ঃ সিআইডি তৎপর

জাকারিয়া মিলন ॥ এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় জড়িত সন্দেহভাজন ব্যক্তিদের একটি তালিকা তৈয়ার করা হইয়াছে। সিআইডি পুলিশ উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশে এই মামলাটির তদন্তভার গ্রহণ করে এবং বিভিন্ন সূত্র হইতে প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে বিভিন্ন বোর্ডের কর্মকর্তা ও বিজি প্রেসের লোকজন এবং অন্যদের একটি তালিকা তৈয়ার করিয়াছে। সিআইডি পুলিশের সূত্রটি জানায়, বিজি প্রেসের অভ্যন্তরে কর্তব্যরত বিভিন্ন বোর্ড ও প্রেসের কর্মচারীরা এই প্রশ্নপত্রের কাজে নিয়োজিত ছিল। তাহাদের যেকোন একটি স্তর হইতে প্রশ্নপত্র ফাঁস হইয়াছে বলিয়া পুলিশ সন্দেহ প্রকাশ করিতেছে। সিআইডি পুলিশ প্রশ্নপত্র ফাঁসের ঘটনায় বাবুল নামক বিমান বাহিনীর একজন অবসরপ্রাপ্ত অফিসারকে খুঁজিয়া বেড়াইতেছে। প্রশ্নপত্র ফাঁসের মামলাটি সিআইডি পুলিশ গ্রহণ করার পর হইতে বাবুল ১৫ বছরের ভাড়া করা বাড়িটি ছাড়িয়া দিয়াছেন। তেজগাঁও এলাকা হইতে আগাম বাসা ভাড়া দিয়া রাতের অন্ধকারে তিনি অন্যত্র চলিয়া যান। সিআইডি পুলিশ জানায়, টঙ্গী, নারায়ণগঞ্জসহ বিভিন্ন স্থানের ফটোষ্ট্যাট দোকান হইতে গ্রেফতারকৃত লোকজন বাবুলের নাম প্রকাশ করিয়াছে। সিআইডি পুলিশের বিশেষ দল বাবুলের সন্ধানে নগরীর বিভিন্ন স্থানে তল্লাশী চালাইয়াছে। সিআইডি ((১৫শ পৃঃ দ্রঃ)

## প্রশ্নপত্র ফাঁসের ঘটনা

(প্রথম পৃঃ পর)

পুলিশের তদন্তকারী অফিসার গতকাল (শনিবার) ঢাকা উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডে যান এবং তালিকাভুক্ত ব্যক্তিদের ৫ জনকে জিজ্ঞাসাবাদ করিয়াছেন। প্রশ্নপত্র ফাঁস হওয়ার নেপথ্যে যাহাদের হাত থাকিতে পারে অনুরূপ ব্যক্তিদের একটি তালিকা তৈয়ার করিয়াছে। সূত্রটি জানায়, এই বৎসর ৫টি বোর্ড হইতে প্রতি বিষয়ে ৩টি করিয়া প্রশ্ন দাখিল করার পর লটারীর মাধ্যমে ৩ সেট প্রশ্নপত্র ছাপাইবার জন্য ঢাকা বোর্ড হইতে বিজি প্রেসে দেওয়া হয়। বিজি প্রেসের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সীলগালা করা প্রশ্নপত্র খুলিয়া ছাপানোর ব্যবস্থা গ্রহণ করেন। এই বছর ৫ বোর্ডের কর্মকর্তারা সরাসরি বিজি প্রেস হইতে প্রশ্নপত্র নিজেদের দখলে নিয়া যান। প্রশ্নপত্রগুলি নীচে দশটি এবং উপরে ১০০টি দিয়া প্যাকেট করা হইয়াছে। কোন্ পর্যায়ে প্রশ্নপত্র ফাঁস হইয়াছে উহা বাহির করার জন্য সিআইডি পুলিশ বিভিন্ন স্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জিজ্ঞাসাবাদ করিবেন। তদন্তকারী অফিসার প্রাথমিকভাবে তাহাদের একটি তালিকা তৈয়ার করিয়াছেন। সূত্রটি আরো জানায়, গভর্নমেন্ট ল্যাবরেটরী স্কুলের কয়েকজন শিক্ষক এবং অভিভাবককে এই ব্যাপারে জিজ্ঞাসাবাদ করা হইবে। এইদিকে সিআইডি পুলিশ বরিশাল, কুমিল্লা ও যশোর জেলায় প্রশ্নপত্র ফাঁসের ব্যাপারে তথ্য অনুসন্ধান শুরু করিয়াছে বলিয়া জানা যায়। আসন্ন এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ার সম্ভাবনায় অভিভাবকরা দারুণ উদ্বেগ ও উৎকণ্ঠার মধ্যে রহিয়াছেন। এই ব্যাপারে পুলিশের একজন কর্মকর্তার সহিত যোগাযোগ করা হইলে তিনি বলেন, এখন হইতেই এ ব্যাপারে সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে। প্রশ্নপত্র ফাঁস হওয়ার সম্ভাবনা খুবই কম বলিয়া তিনি উল্লেখ করেন। সিআইডি পুলিশের বিশেষ দল আজ (রবিবার) বিজি প্রেসে যাইবেন এবং কর্মকর্তা ও কর্মচারীদের জিজ্ঞাসাবাদ করিবেন বলিয়া জানা যায়।